

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ০৯-০৯-২০১৯ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল এম মোজাম্মেল হক, বিএন, চেয়ারম্যান।
তারিখ : ০৯-০৯-২০১৯ খ্রিঃ।
সময় : ১০.৩০ ঘটিকা।
স্থান : মবক এর সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

সভার আলোচ্যসূচীঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

ক্রমিক	তারিখ	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	১৭ মার্চ, ২০২০	ক) ১৭ মার্চ, ২০২০ তারিখ জাতীয় অনুষ্ঠানে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা অংশগ্রহণ। খ) দপ্তর/সংস্থাসমূহ অন্যান্য বছরের ন্যয় এ দিবসে কর্মসূচী গ্রহণ করবেন।	ক) ১৭ মার্চ, ২০২০ তারিখ জাতীয় অনুষ্ঠানে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা অংশগ্রহণ। খ) দপ্তর/সংস্থাসমূহ অন্যান্য বছরের ন্যয় এ দিবসে কর্মসূচী গ্রহণ বিষয়ে আলোচনা।	এ দিবস উদযাপনের লক্ষ্যে সকাল ১০.০০ ঘটিকায় র্যালির মাধ্যমে অনুষ্ঠান শুরু করতে হবে। র্যালি শেষে মবক'র সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী, পিআরএল ভুক্ত মুক্তিযোদ্ধাসহ স্কুলের সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ শেডের ভিতরে উপস্থিত হয়ে আলোচনা সভায় অংশগ্রহণ করবেন। উক্ত অনুষ্ঠানে আলোচনার পর বঙ্গবন্ধু সম্পর্কে ভিডিও প্রদর্শনসহ দেশাত্মবোধক গানের আয়োজন করতে হবে। আলোচনা শেষে জোহর বাদ বিশেষ মোনাজাত/দোয়া মাহফিলে অংশগ্রহণ করতে হবে।	সদস্য (হাঃ ও মেঃ), পরিচালক (প্রশাসন), হারবার মাস্টার, সচিব (বোঃজস), উপসচিব ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)।
২।	১৭ মার্চ, ২০২০	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ১৭ মার্চ ২০২০ হতে সকল মুক্তিযোদ্ধাদের টোল ফ্রি সুবিধা প্রদানের ঘোষণা।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ১৭ মার্চ ২০২০ হতে মুক্তিযোদ্ধাদের বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান।	মবক'র হাসপাতালে ১৭ মার্চ ২০২০ হতে মুক্তিযোদ্ধাদের জন্য আজীবন একটি আলাদা কেবিনের ব্যবস্থাসহ বিনামূল্যে চিকিৎসা সেবা দেয়া হবে।	পরিচালক (প্রশাসন) ও প্রধান চিকিৎসা কর্মকর্তা, মবক
৩।	মার্চ, ২০২০	(ক) ১৮-০৩-২০২০ বা ১৯-০৩- ২০২০ তারিখ ০১ দিন ব্যাপি ১ম সেমিনার আয়োজন। আলোচ্য বিষয়ঃ বঙ্গবন্ধু ও নদীমাতৃক বাংলাদেশ।	(ক) ১৮-০৩-২০২০ বা ১৯- ০৩-২০২০ তারিখ ০১ দিন ব্যাপি ১ম সেমিনার আয়োজন। আলোচ্য বিষয়ঃ বঙ্গবন্ধু ও নদীমাতৃক বাংলাদেশ।	মবক এ বঙ্গবন্ধু ও নদী মাতৃক বাংলাদেশ বিষয়ে সেমিনার আয়োজন এবং মবক'র দুটি বিদ্যালয়ের ওয়ালে বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধা বিষয়ক আলোকচিত্র অংকনের ব্যবস্থা করতে হবে।	পরিচালক (প্রশাসন), হারবার মাস্টার, ও প্রধান শিক্ষক (মোংলা/খুলনা)
৪।	এপ্রিল, ২০২০	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিফলক স্থাপন।	বন্দর এলাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিফলক স্থাপন।	মেইন গেইটের পার্শ্বে/উপযুক্ত স্থানে বঙ্গবন্ধুর মুর্যাল স্থাপনের সিদ্ধান্তে গৃহীত হয়।	সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), পরিচালক (প্রশাসন) প্রধান প্রকৌশল (সি ও হা), পরিচালক (ট্রাফিক) ও প্রধান নিরাপত্তা কর্মকর্তা

ক্রমিক	তারিখ	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৫।	আগস্ট, ২০২০	শোক দিবসে বিভিন্ন কর্মসূচি গ্রহণ।	শোক দিবসে বিভিন্ন কর্মসূচি গ্রহণ।	১৫ আগস্ট, ২০২০ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা, মবক'র ধর্মীয় প্রতিষ্ঠানে দোয়া মাহফিল / প্রার্থনা ও শোক র্যালির আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস), প্রধান শিক্ষক (মোংলা/খুলনা), অফিসার্স এ্যাসোসিয়েশন ও সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ, মবক।
৬।	সেপ্টেম্বর, ২০২০	০৪টি নতুন মেরিন একাডেমীর শিক্ষা কার্যক্রম চালু।	মবক এ প্রশিক্ষণ কেন্দ্র ও নৌযান ওয়ার্কশপ চালু করার বিষয়ে আলোচনা।	LoC-3 অনুযায়ী পরিকল্পনা প্রধান প্রশিক্ষণ কেন্দ্র তৈরির কার্যক্রম গ্রহণ করবেন।	সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), পরিচালক (প্রশাসন), পরিকল্পনা প্রধান ও প্রধান প্রকৌশল (সি ও হা)।
৭।	নভেম্বর, ২০২০	বঙ্গবন্ধু নদী পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন।	বঙ্গবন্ধু নদী পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন।	বিআইডব্লিউটিএ' তে কর্মরত থাকাকালে নদী উদ্ধার ও নদীর নাব্যতা রক্ষায় চেয়ারম্যান মহোদয় যে অবদান রেখেছেন তা সংগ্রহপূর্বক বঙ্গবন্ধু নদী পদকের জন্য মনোনয়নের নিমিত্তে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য (হাঃ ও মেঃ), পরিচালক (প্রশাসন) ও সচিব (বোওজস)
৮।	৭ মার্চ ২০২১	৭ মার্চ উদযাপনে বিভিন্ন কর্মসূচী গ্রহণ।	জাতীয় কর্মসূচীর পাশাপাশি পোর্ট মাধ্যমিক বিদ্যালয়, খুলনায় ক্ষুদে বঙ্গবন্ধুর ভাষণ উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	৭ই মার্চ উদযাপন উপলক্ষে পোর্ট মাধ্যমিক বিদ্যালয়, খুলনায় ক্ষুদে বঙ্গবন্ধুর ভাষণ উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া জাতীয় কর্মসূচীর আলোকে মবক এ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস) এবং প্রধান শিক্ষক (মোংলা/খুলনা)
৯।	১৭ই মার্চ ২০২১	জাতীয় কর্মসূচীর আলোকে কর্মসূচী গ্রহণ।	জাতীয় কর্মসূচীর আলোকে মবকতে বিভিন্ন কর্মসূচী বিষয়ে আলোচনা হয়।	জাতীয় কর্মসূচীর আলোকে মবকতে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস) ও প্রধান অর্থ ও হিরক।

বছর ব্যাপী কর্মসূচী বাস্তবায়নে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখার জন্য প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ১৮-০৯-১৯
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).১৮-

সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ/শাখা প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য (), মবক, মোংলা।
- ২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার্স এ্যাসোসিয়েশন, মবক, মোংলা।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ১৮-০৯-১৯
পরিচালক (প্রশাসন)